

PRINT

সমকাল

সংসদে শিক্ষামন্ত্রী

কোচিং বাণিজ্যে জড়িত শিক্ষকদের বদলি করা হচ্ছে

১০ ঘণ্টা আগে

সমকাল প্রতিবেদক

দীর্ঘদিন একই কর্মস্থলে থাকা শিক্ষকদের মধ্যে কোচিং বাণিজ্যে জড়িয়ে পড়ার প্রবণতা রয়েছে মন্তব্য করে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, এ শিক্ষকদের বদলি/পদায়নের কার্যক্রম চলছে।

গতকাল শনিবার জাতীয় সংসদে প্রশ্নোত্তরে জাসদের সদস্য নাজমুল হক প্রধানের প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী এ তথ্য জানান। বিকেল ৫টায় স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে সংসদের বৈঠক শুরু হয়। প্রশ্নোত্তর টেবিলে উত্থাপিত হয়।

নাহিদ বলেন, বিভিন্ন পর্যায়ে গঠিত মনিটরিং কমিটির তৎপরতায় কোচিং বাণিজ্য বন্ধে অগ্রগতি হয়েছে। এ কমিটির সুপারিশের ভিত্তিতে কোচিং বাণিজ্যে জড়িত শিক্ষকদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হচ্ছে।

চট্টগ্রাম-১২ আসনের সামশুল হক চৌধুরীর প্রশ্নের জবাবে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান বলেন, টিফিন বক্সে বাসায় তৈরি খাবার দিয়ে সন্তানদের স্কুলে পাঠাতে মায়েদের উদ্বুদ্ধ করা হয়েছে। এর ফলে ৯৬ শতাংশ শিক্ষার্থী বাসা থেকে দেওয়া খাবার নিয়ে বিদ্যালয়ে আসছে।

মৌলভীবাজার-২ আসনের আবদুল মতিনের প্রশ্নের জবাবে গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন বলেন, কিছু ভূমির মালিক রাজউকের অনুমোদিত নকশা ছাড়াই ভবন নির্মাণ করেন বলেই বিল্ডিং কোড যথাযথ অনুসরণ করা হয় না।

সাংসদ মুহিবুর রহমান মানিকের প্রশ্নের জবাবে সমাজকল্যাণমন্ত্রী রাশেদ খান মেনন জানান, দেশে হিজড়াদের নিয়ে কোনো জরিপ হয়নি। তবে, সমাজসেবা অধিদপ্তরের তথ্য অনুযায়ী হিজড়ার সংখ্যা ১১ হাজার ৩৯।

© সমকাল 2005 - 2018

সম্পাদক : গোলাম সারওয়ার । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com